
দৈনিক বাংলা


শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 28 MAR 1989
পৃষ্ঠা ... কলাম 1 7

119



রাগীব আহসান মুন্না



রুহুল কুদ্দুস বাবু

# রাকসু: মুন্না বাবু প্যানেল বিজয়ী

(সংবাদদাতা)

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২৭শে মার্চ।—রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদ-ভুক্ত পাঁচ দলীয় মোর্চার মুন্না-বাবু পরিষদ পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছে। পাঁচ দলীয় মোর্চার প্রার্থীরা ১২টি হল সংসদের মধ্যে ৮টি হলের সব কয়টি পদে জয়লাভ করেছেন।

সেসবার ভেরে নির্বাচন কমিশন রাকসু এবং ১২টি হল ছাত্র সংসদের ফল ঘোষণা করেন। ২৫শে মার্চ শনিবার এক সঙ্গে এ নির্বাচন অনুষ্ঠিত হয়।

রাকসু নির্বাচনে রাগিব আহসান মুন্না ভিপি এবং রুহুল কুদ্দুস বাবু জিএস নির্বাচিত হন। ভিপি পদে রাগিব আহসান তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয়

(৫-এর পৃঃ দ্রঃ)

## মুন্না বাবু প্যানেল বিজয়ী

(প্রথম পৃঃ পর)

তাবাদী ছাত্রদলের রুহুল কবির রিজভীর চেয়ে ১১৩৪ ভোট বেশি পেয়ে জয়লাভ করেন। জিএস পদে রুহুল কুদ্দুস তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছাত্রদলের আবু মুরাদের থেকে ২২৭৪ ভোট বেশি পেয়ে নির্বাচিত হন। রাকসুতে মুন্না-বাবু পরিষদের নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিল ছাত্রদলের রিজভী-মুরাদ পরিষদ।

রাকসুতে নির্বাচিত মুন্না-বাবু পরিষদের অন্যান্য কর্মকর্তা হলেন—প্রো-ভিপি: জিয়াউল আহসান এজিএস: এস, এম, আবরাহাম লিংকন, ক্রীড়া সম্পাদক: আহমদ ফইয়াজ, সহকারী ক্রীড়া সম্পাদক: সাইফুল ইসলাম, সাহিত্য সম্পাদক: চৌধুরী ইমতিয়ার শামীম, সহকারী সাহিত্য সম্পাদক রেজাউল করিম, প্রমোদ সম্পাদক: রেজা মাহমুদ আল হুদা, সহকারী প্রমোদ সম্পাদক: শাহ আজম, মিলনায়তন সম্পাদক: মোহাম্মদ মহসীন, সহকারী মিলনায়তন সম্পাদক: মুজাহিদুর রহমান আনসারী, মহিলা মিলনায়তন সম্পাদিকা: স্বপ্না রাণী দাস, সহকারী মহিলা মিলনায়তন সম্পাদিকা: বৃত্তা রায়, পত্রিকা সম্পাদক: মাহবুবুর রহমান, সহকারী পত্রিকা সম্পাদক: জাকিবুল হক, সমাজসেবা সম্পাদক: শফিকুল ইসলাম এবং সহকারী সমাজসেবা সম্পাদক: কাজী মোহাম্মদ নুরুন্নবী।

বিশ্ববিদ্যালয় সিনেটে পাঁচটি ছাত্র প্রতিনিধি পদের মধ্যে মুন্না-বাবু পরিষদের প্রার্থীরা চারটি পদ পেয়েছেন। বাকী পদটি পেয়েছেন জাতীয় ছাত্রলীগ প্রার্থী।

### ১২টি হল সংসদের ফল

পাঁচ ছাত্র সংগঠনের মুন্না-বাবু পরিষদ রোকেয়া, শেরে বাংলা, মতিহার, এস এম আবদুল লতিফ, হাবিবুর রহমান, শামসুন্নাহার ও সোহরাওয়ার্দী হলে পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছে। তাপসী রাবেয়া হলে ছাত্রদল ভিপি পদ পেয়েছে। বাকী পদগুলো ছাত্র সংগ্রাম পরিষদ (৭ সংগঠন ঐক্যবদ্ধ ভাবে)। মন্নুজান হলে প্রমোদ সম্পাদিকা ছাড়া সব পদ মুন্না-বাবু পরিষদ পেয়েছে। আমীর আলী হলে জিএস ছাড়া সব মুন্না-বাবু পরিষদ মাদারবক্স হলে ভিপি এজিএস ও ক্রীড়া সম্পাদক ছাত্রদল বাকী পদ মুন্না-বাবু পরিষদ।

১২টি হলে বিজয়ী ভিপি জিএসরা হলেন: বেগম রোকেয়া: শওকত আরা বেগম (ভিপি) রত্না সাহা জিএস, শেরে বাংলা হল: এস এম রেজাউল আলম (ভিপি), আহসান হাবীব চৌধুরী (জিএস), মতিহার হল: ফজলুল হক রতন (ভিপি), এনামুল ইসলাম জিন্নাহ, এস এম হল: মাসুদ পারভেজ নওশাদ (ভিপি), গোলাম মুর্তজা কবীর জিএস, আবদুল লতিফ হল: শহরিয়ার মিত ভিপি, গোলাম মোস্তফা চন্দন জিএস, হাবীবুর রহমান হল নিজামুল ইসলাম খান ভিপি, আবুল হোসেন জিএস, শামসুন্নাহা হল: সৈয়দ কামরুজ্জামান মাহবুব ভিপি, ফারুক আহমেদ সোহেল জিএস, সোহরাওয়ার্দী হল: হাসিবুর রহমান হাসিব ভিপি, কাজী ফজলুল হক পারভেজ জিএস, তাপসী রাবেয়া হল: সৈয়দ আশিফা আশরাফী পাপিয়া ভিপি (ছাত্রদল) রুচির সুনতনা (জিএস), মন্নুজান হল: মাহফুজা খাতুন লিলি ভিপি, জেবা-রুদা আল আক্তার মেছাম্মাৎ জিএস আমীর আলী হল: সরদার সালাউদ্দীন মিন্টু ভিপি, আনোয়ারুল ইসলাম জিএস এবং মাদারবক্স হল: ভিপি সাইফুল মাজিদ মোহাম্মদ বাহাউদ্দীন (ছাত্রদল), জিএস আবুল কালাম আজাদ।

শিক্ষক সমিতি, নির্বাচন কমিশন, ছাত্রদল ও জাতীয় ছাত্রলীগ পৃথক বিবৃতিতে রাকসুতে নির্বাচিতদের অভিনন্দন জানিয়েছেন।